

04

শীর্ষ তিন কর্মকর্তা অনুপস্থিত
ইসলামী বিশ্ববিদ্যালয়ের
ভিসি'র অপসারণ
দাবী
কুষ্টিয়া সংবাদপাতা ॥ ইসলামী
বিশ্ববিদ্যালয়ের ভিসি চ্যান্সেলর
দীর্ঘদিন অনুপস্থিত থাকার কারণে
বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থার সৃষ্টি
(৭ম পৃ: ৮-এর ক: ৫:)

ভিসির অপসারণ দাবী
(১ম পৃ: পর)
হইয়াছে। গতকাল রবিবার বিশ্ব-
বিদ্যালয় শিক্ষক সমিতির সভা-
পতি ড: মো: আশরাফ আলীর
সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায়
অবিলম্বে নতুন ভিসি নিয়োগ
করিয়া বর্তমান ভিসি প্রফেসর
আবদুল হামিদের অপসারণের
দাবী জানান হয়। অন্যথায় ২রা
মে নতুন কর্মসূচী অনুযায়ী প্রধান
মন্ত্রীর সচিবালয়ে শিক্ষকবৃন্দ অব-
স্থান ধর্মঘট করা হইবে বলিয়া
কুষ্টিয়া প্রেসক্লাবে ই.বি শিক্ষক
নেতৃবৃন্দ সাংবাদিক সমাবেশে
জানান। ইসলামী বিশ্ববিদ্যালয়ে
তিনটি গুরুত্বপূর্ণ পদ ভিসি,
রেজিষ্টার ও ট্রেজারার না
থাকার কারণে ২৭৫ জন শিক্ষক-
কর্মচারীর এপ্রিল মাসের বেতন
সভাপতি ড: আসন্ন পবিত্রে হইল
আবহার উৎসব ভাতা প্রাপ্তি অবি-
শিচত হইয়া পড়িয়াছে।
গত বুধবার ইসলামী বিশ্ব-
বিদ্যালয়ে ছাত্র শিবিরের হাফলায়
একজন নিহত ও ৫ জন মারাত্মক
আহত হয়। বিশ্ববিদ্যালয়ের কোন
কর্তৃপক্ষ না থাকায় শিক্ষ: মন্ত্রণা-
লয়ের নির্দেশক্রমে বিশ্ববিদ্যালয়
অনিদিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা
করা হয়।